

২০১২ ঢাকা ওয়াসা

- ১। মডুস জোন-২ এর ২০২৫-২৬ অর্থ বছরের অনুমোদিত ক্রয় পরিকল্পনার কপি।
২। পূর্বানুমোদিত দরের কপি।
৩। প্রস্তুতকৃত প্রাক্কলন।

বিষয়ঃ Supply of lead washer for Chlorination system of Chandnighat water treatment plant কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

১। সংযুক্ত ক্রমিক নং- ১ হতে ৪ দয়া করে দেখা যেতে পারে। চাঁদনীঘাট ওয়াটার ট্রিটমেন্ট প্লান্টের (ঢাকা ওয়াটার ওয়ার্কস) ক্লোরিনেশন সিস্টেমে ৩.০ কিলোওয়াট ১৭ ঘনমিটার/ঘণ্টা ক্ষমতার ২ সেট প্রি ও ২ সেট পোস্টসহ মোট ৪ সেট মোটিভ ওয়াটার/বুস্টার পাম্প মোটর, ৪টি ভ্যাকুয়াম রেগুলেটর, ৪টি ইনজেক্টর, হেডার পাইপ লাইন, হিটার, কানেকটিং পাইপ, সিলিন্ডার প্রভৃতি মালামাল রয়েছে। প্লান্টে পানি পরিশোধন প্রক্রিয়ায় দুইভাবে অর্থাৎ প্রি ও পোস্ট ক্লোরিন ডোজিং করা হচ্ছে। প্লান্টের বিদ্যমান লিকুইড ক্লোরিন সিলিন্ডারগুলোর ক্যাপাসিটি ৫০ কেজি। যা স্বল্প সময়ের মধ্যেই শেষ হয়ে যায়। সেই কারণে প্রতিনিয়ত সিলিন্ডারগুলো ক্লোরিনেশন সিস্টেমের হেডার লাইন হতে ডিসকানেক্ট করে নতুন ভরা সিলিন্ডার সংযুক্ত করতে হয়। উক্ত সিলিন্ডার হেডার লাইনের সাথে সংযুক্ত করার জন্য প্রতিদিন ১০ - ১২ টি লীড ওয়াসার প্রয়োজন হচ্ছে যা 'র' ওয়াটারের কোয়ালিটির উপর নির্ভর করে। উক্ত লীড ওয়াসারগুলো সংগ্রহ বিভাগের মাধ্যমে ক্রয় করে অত্র বিভাগে সরবরাহ করা হয়। গত অর্থ বছরে সংগ্রহ বিভাগ হতে ৫০০০ টি লীড ওয়াসার সরবরাহ করা হয়েছিল। যার মজুদ শেষ হয়ে গিয়েছে। লীড ওয়াসার ছাড়া ক্লোরিনেশন সিস্টেম চালু রাখা সম্ভব নয়। সেই কারণে ক্লোরিনেশন সিস্টেম চালু রাখার জন্য জরুরী ভিত্তিতে লীড ওয়াসার প্রয়োজন। উল্লেখ্য যে, লীড ওয়াসার ক্রয়ের জন্য সংগ্রহ বিভাগ-২ এর অনুকূলে বাৎসরিক চাহিদা প্রেরণ করা হয়েছে। যা পেতে আরও ১ - ২ মাসের মত সময় গেলে যাবে। সেই প্রেক্ষিতে পানি সরবরাহ স্বাভাবিক রাখার লক্ষ্যে কিছু লীড ওয়াসার ক্রয়ের উদ্যোগ নেয়া হয়েছে। সেই আলোকে পূর্বানুমোদিত দরের ভিত্তিতে একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। এতে ৭.৫% ভ্যাটসহ(১৭৩২/-) মোট টাকার পরিমাণ দাঁড়িয়েছে টা:২৩,৬৫০.০০ (তেইশ হাজার ছয়শত পঞ্চাশ) টাকা মাত্র যা অনুমোদন দেয়া যেতে পারে। উক্ত ক্রয় কাজের খরচ মডুস জোন-২ এর ২০২৫-২০২৬ইং অর্থ বৎসরের অনুমোদিত ক্রয় পরিকল্পনার পানি ও পয়ঃ শোধনাগার (ও এন্ড এম) খাতের ক্রমিক নং-১০১ হতে নির্বাহ করা হবে।


২। মডুস জোন-২ এর আওতাধীন চাঁদনীঘাট পানি শোধনাগারের ক্লোরিনেশন সিস্টেম চালু রাখার লক্ষ্যে লীড ওয়াসার ক্রয় কাজের খরচ পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০২৫ এর বিধি ১০০ (১) মোতাবেক আলোচ্য সরাসরি নগদ ক্রয় কাজটির অনুমোদন প্রধান প্রকৌশলী মহোদয়ের এখতিয়ার ভুক্ত।

৩। এমতাবস্থায়, চাঁদনীঘাট ওয়াটার ট্রিটমেন্ট প্লান্টের পানি পরিশোধন প্রক্রিয়ার স্বার্থে Supply of lead washer for Chlorination system of Chandnighat water treatment plant কাজ বাবদ সর্বমোট ২৩,৬৫০.০০ (তেইশ হাজার ছয়শত পঞ্চাশ) মাত্র নির্বাহী প্রকৌশলী, মডুস জোন-২ এর অনুকূলে সরাসরি নগদে প্রদানের অনুমোদনের জন্য পেশ করা হল। যা পরবর্তীতে ভাউচারের মাধ্যমে সমন্বয় করা হবে।



০২/০৪/২৬
মোঃ ওমর ফারুক
উপ-সহকারী প্রকৌশলী
ঢাকা ওয়াটার ওয়ার্কস
মডুস জোন-২, ঢাকা ওয়াসা



২/৪/২৬
মোঃ ইব্রাহিম হোসেন
সহকারী প্রকৌশলী
ঢাকা ওয়াটার ওয়ার্কস
মডুস জোন-২, ঢাকা ওয়াসা


০২/৪/২০২৬
মোহাম্মদ নজরুল ইসলাম
নির্বাহী প্রকৌশলী
মডুস জোন-২, ঢাকা ওয়াসা।


০২/০৪/২৬
মোঃ ফিরোজ আলম
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মডুস সার্কেল-১, ঢাকা ওয়াসা।

৪। প্রস্তুত অনুমোদিত,


০২/০৪/২০১৬
শওকত মোহাম্মদ
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।


২/৪/২৬
মোঃ ফিরোজ আলম
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মডুস সার্কেল-১, ঢাকা ওয়াসা।